

💵 হজ্জ, উমরা ও যিয়ারত গাইড

বিভাগ/অধ্যায়ঃ ৯ জিলহজ্জ: উকুফে আরাফা

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

মুযদালিফায় অবস্থানের ফজিলত

রাসূলুল্লাহ (ﷺ)মুযদালিফায় অবস্থানের ফজিলত সম্পর্কে বলেছেন, 'আল্লাহ তাআলা এই দিনে তোমাদের ওপর অনুকম্পা করেছেন, অতঃপর তিনি গুনাংগারদেরকে সংকাজকারীদের কাছে সোপর্দ করেছেন। আর সংকাজকারীরা যা চেয়েছে তা তিনি দিয়েছেন।[1]

মিনায় পৌঁছার পূর্বে ওয়াদি মুহাস্পার (মুহাস্পার উপত্যকা) সামনে আসবে। ওয়াদি মুহাস্পারের সীমানা নির্ধারক ফলক রয়েছে যেখানে ্রান্ডার লেখা আছে। এখানে আবরাহা রাজার হাতির বাহিনী ঝাঁকে ঝাঁকে পাথির নিক্ষিপ্ত পাথরের আঘাতে নাস্তানাবুদ হয়েছিল। আল্লাহর আযাব নাযিল হওয়ার স্থান হিসেবে, অন্যান্য আযাব নাযিলের স্থানের মতো রাসূলুল্লাহ (ﷺ)এখানেও ক্রুত চলে পার হয়ে গেছেন। সে হিসেবে মুহাস্পার উপত্যকায় এলে ক্রুত চলে পার হয়ে যাওয়া মুস্তাহাব। তবে খেয়াল রাখতে হবে যেন ক্রুত চলতে গিয়ে অন্যদের কন্ত না হয়। বর্তমানে অবশ্য ওয়াদি মুহাস্পারে তাঁবু টানিয়ে, মিনার দিনগুলোয়, হাজিদের থাকার ব্যবস্থা করা হয়। মিনার মূল এরিয়ায় জায়গা সংকুলান না হওয়ায় বিজ্ঞ ওলামাদের পরামর্শ ক্রমে এরূপ করা হয়েছে। তাই আপনার তাঁবু যদি ওয়াদি মুহাস্পারে অবস্থিত থাকে তা হলে এ জায়গাটুকু ক্রুত পার হওয়ার প্রয়োজন নেই। আপনি বরং এখানেই থেমে যাবেন, এবং নিজ তাঁবুতে প্রবেশ করবেন।

ফুটনোট

[1] _ إن الله تطول عليكم في جمعكم هذا فوهب مسيئكم لمحسنكم _ [1]

Source — https://www.hadithbd.com/books/link/?id=3519

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন